

4 Report-

উচ্চ শিক্ষার সুবিধার্থে তিনটি লোন স্কিম চালু করেছে ইবিএল

যায়যায় রিপোর্ট

ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) দেশে ও বিদেশে শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুবিধার জন্য এডুকেশন ফিনান্স প্যাক-এর অধীনে তিন ধরনের ঋণ সুবিধা চালু করেছে। গতকাল সংবাদ সংকলন আয়োজনের মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে তিনটি নতুন ঋণ সুবিধা চালুর বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন ইস্টার্ন ব্যাংকের কর্মকর্তারা। সংবাদ সংকলনে উপস্থিত ছিলেন ইস্টার্ন ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও আলী রেজা ইফতেখার, হেড অফ কন্সাল্টাংটমার ব্যার্কিং মামুন মাহমুদ শাহ, হেড অফ স্ট্রাটেজি অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট মহব্বত হোসেন চৌধুরী।

ইস্টার্ন ব্যাংকের কর্মকর্তা জানান, এডুকেশন ফিনান্স প্যাকের অন্তর্ভুক্ত লোন স্কিমগুলো হচ্ছে এডুলোন সিকিওরড, এডুলোন আনসিকিওরড এবং এডুলোন। চাকরিজীবী, ব্যবসায়ী ও সেলফ এমপ্লয়েড যে কোনো ব্যক্তি নিজের অথবা সন্তানের উচ্চশিক্ষার জন্য এ লোনগুলো নিতে পারবে। ইস্টার্ন ব্যাংকের যে কোনো শাখাতেই এ লোনগুলোর জন্য আবেদন করা যাবে। এডুলোন সিকিওরড স্কিমে সিকিউরিটি

ডিপোজিটের বিপরীতে ৯৫ শতাংশ লোন নেয়া যাবে। ১২ থেকে ৬০ মাসের কিস্তি সুবিধার এ লোনের জন্য কারো পারসোনাল গ্যারান্টির প্রয়োজন হবে না। মেয়াদ পূর্তির আগেও পুরোপুরি বা আংশিক লোন পরিশোধ করা যাবে।

এডুলোন আনসিকিওরড স্কিমে ১০ লাখ টাকা অথবা আবেদনকারীর মোট আয়ের ১০ গুণ পর্যন্ত কোনো সিকিউরিটি ডিপোজিট ছাড়াই লোন নেয়া যাবে। ১২ থেকে ৬০ মাসের কিস্তি সুবিধার এ লোনের ক্ষেত্রে ব্যক্তিগত কোনো গ্যারান্টির প্রয়োজন নেই। মেয়াদ পূর্তির আগেও লোন পুরোপুরি বা আংশিক পরিশোধ করা যাবে।

এডুলোন হচ্ছে সিকিউরিটি ডিপোজিটের বিপরীতে ঋণ সুবিধা। এ স্কিমে ঋণ গ্রহীতা পাবেন প্রয়োজন অনুযায়ী খরচের সুবিধা। আর ঋণের ওপরে সুদ প্রযোজ্য হবে শুধু খরচকৃত টাকার ওপরই। লোন গ্রহীতা আর্থিক সুবিধা অনুযায়ী যে কোনো অঙ্কে লোন পরিশোধ করতে পারবে। বার্ষিক ভিত্তিতে এ ফ্যাসিলিটি নবায়নযোগ্য। এ লোনের ক্ষেত্রেও পারসোনাল গ্যারান্টির প্রয়োজন হবে না।